রেজিষ্টার নং ৩৫ Registered No 35. রেজিষ্টার নং৩৫

অমৃতবাজারপত্রিকা

মূল্যঃ—অগ্রিম বার্ষিক ৬৷৹, ডাক মাশুল ১৷৹, ষাণ্মাসিক ৩৸৹, ডাক মাশুল ৸৹,ত্রৈমাসিক ২৵৹, ডাক মাশুল ।৵৹ আনা।। অনগ্রিম বার্ষিক ৮৷৹, ডাক মাশুল ১৷৹টাকা

বিজ্ঞাপন প্রকাশের মূল্যঃ—প্রতি পংক্তি, প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বার ৵৹, চতুর্থ ও ততোধিকবার ৵৹আনা। ইংরেজী প্রতি পংক্তি ।৹আনা।

৭ম ভাগ { কলিকাতাঃ— ১১ অগ্রহায়ণ বৃহস্পতিবার, সন ১২৮১ সাল। ইং২৬এ নবেম্বর ১৮৭৪ খৃঃ অব্দ। } ৪২ সংখ্যা

বিজ্ঞাপন।

অমরনাথ নাটক।

শ্রীকৃষ্ণচন্দ্র রায় প্রণীত। মূল্য ১ এক টাকা ডাকমাশুল ৵৹ আনা। কলিকাতা ষ্টানহোপ প্রেস পটলডাঙ্গার সকল পুস্তকালয়ে প্রাপ্তব্য। (মা—শে)

কি ভয়ানক দুর্ভিক্ষ!

নাটক।

এই পুস্তক ঢাকা বাবুর বাজার বাবু ...শোরি লাল রায় চৌধুরি মহাশয়ের বাসায় গ্রন্থকারের নিকট ও এন্, কে, চট্টোপাধ্যায়ের ... পেটটুলি রাখাল দাস বন্দ্যোপাধ্যায়ের দোকানে পাওয়া যাইবে

E. M. SIRCAR'S ABROMA AUGUSTUM.

বাধক বেদনার মহৌষধ

প্রায় একবার সেবনেই যন্ত্রণা যায় ও সন্তানোৎপত্তির ব্যাঘাত দূর করে। উক্ত ঔষধ এবং সেবনের নিয়ম ডাক্তার ভুবন মোহন সরকারের নিকট কলিকাতা ...রবাগান মুক্তারাম বাবুর ষ্ট্রিট ৭ নং ভবনে পাওয়া যায়। মূল্য ৩৷৹।

হোমিওপেথিক চিকিৎসা বিজ্ঞান, প্রথম ভাগ, প্রথম খণ্ড। শ্রীবিহারি লাল ভাদুড়ি প্রণীত। মূল্য ১৷৹, ডাক মাশুল ৵৹। অন্যান্য খণ্ড মুদ্রাঙ্কিত হইতেছে। কর্ণওয়ালিসষ্ট্রীট ৩৪ নং ভবনে মূল্য পাঠাইলে পাওয়া যাইবে।

মফস্বল এজেন্সি।

মফস্বলবাসী রাজা, জমিদার, ব্যবসায়ী ও অন্যান্য ভ্রান্ত লোকদিগের কলিকাতায় যদি কোন দ্রব্য খরিদ করিতে হয় তাহা আমাদিগকে লিখিলে আমরা অতি ...র ও স্বল্প মূল্যে তাহা ক্রয় করিয়া যথা স্থানে প্রেরণ করিতে প্রস্তুত আছি। যত টাকার জিনিশ খরিদ হইবে তাহার প্রতি শতকরা আমরা পাঁচ টাকা কমিসন কাটিয়া ...। অর্ডারের সঙ্গে ২ টাকা পাঠাইতে হইবে। অমৃত বাজার পত্রিকার প্রকাশক শ্রীযুক্ত বাবু চন্দ্র নাথ রায় মহাশয়ের বরাবর অর্ডার ও টাকা পাঠাইলে আমরা তাহা প্রাপ্ত হইব। কাহারো কোন পুস্তক কি অন্য কোন বিষয় ছাপাইয়া লইতে হইলে তাহারো বিশেষ সুবিধা করিয়া দিতে পারি।

শ্রীঅনীল চন্দ্র ভট্টাচার্য্য এণ্ড কোং

☞ কাপড়, পুস্তক, ষ্টেসনারি, ফার্ণিচার ইত্যাদি যত প্রকার দ্রব্য কলিকাতায় পাওয়া যায় তাহা আমরা প্রেরণ করিতে প্রস্তুত আছি। এতদ্ভিন্ন অল্প সুদে যত টাকা হউক কর্জ্জ করিতে হইলে তাহারও যোগাড় করিয়া দিতে পারিব।

সংক্রামক জ্বরের মহৌষধ।

সহস্র সহস্র পরীক্ষা দ্বারা এই ঔষধের গুণ পরীক্ষিত হইয়াছে। হুগলী ও বর্দ্ধমান প্রভৃতি সংক্রামক জ্বর প্রপীড়িত জেলায় ইহা বাহুল্য রূপ ব্যবহার হইতেছে। জ্বর, প্লীহা যকৃৎ, শোথ ... পীড়া মেলেরিয়া বা অতিরিক্ত কুইনাইন ব্যবহার দ্বারা জন্মে তাহার বিশেষ প্রতীকারক। মূল্য ২ টাকা মায় ডাকমাশুল।

অর্শরোগের মহৌষধ।

বিশেষ পরীক্ষা দ্বারা প্রতিপন্ন হইয়াছে যে ইহা দ্বারা সর্ব্বপ্রকার অর্শ এক কালে আরোগ্য হয়। মূল্য ১৷৹ টাকামায়ডাক মাশুল।

টাকরোগের মহৌষধ।

অনেকের বিশ্বাস যে, টাক কখন আরোগ্য হয় না কিন্তু এ ঔষধ ব্যবহার করিলে সে মত অবশ্যই দুর হইবে। মূল্য ১৷৹ টাকা মায় ডাকমাশুল।

উক্ত ঔষধ কয়েকটি কর্ণওয়ালিস্ ষ্ট্রিট ৩৪ নং ভবনে শ্রীযুক্ত বেহারি লাল ভাদুড়ীর নিকট পাওয়া যাইবে

THE UNIVERSAL MEDICAL HALL
N. C. PAUL AND CO'S MOST WONDERFUL PILLS!

A Specific for chronic and malarious fevers, enlarged spleen and liver.

অত্যাশ্চর্য্য বটিকা!!

পুরাতন ও ম্যালেরিয়া অর্থাৎ সংক্রামক জ্বরের এবং প্লীহা ও যকৃত রোগের মহাঔষধ।

এ পর্য্যন্ত উপরোক্ত রোগাদির যে সকল ঔষধ প্রকাশ হইয়াছে তাহা অনেকে সেবন করিয়া প্রথমে আরোগ্য লাভ করেন পরে অল্প কালের মধ্যে পুনর্ব্বার পীড়িত হইতে প্রায় সর্ব্বদা দেখা যায়। এক প্রকারে স্পষ্টই প্রতীয়মান হইতেছে যে ঐ সকল ঔষধ দ্বারা রোগ কেবল স্থগিত থাকে মাত্র,এক বারে রোগ বিনাশ হয় না। কারণ যে পর্য্যন্ত ম্যালেরিয়া বিষ শরীর হইতে নির্গত না হয় সে পর্য্যন্ত পুনর্ব্বার পীড়িত হইবার সম্ভাবনা থাকে। এই নিমিত্ত আমরা বহুতর বহুদর্শী ও সুবিখ্যাত চিকিৎসকের সহিত পরামর্শ করিয়া এই অত্যাশ্চর্য্য নামক রৌপ্যাবৃত বটিকা প্রকাশ করিতেছি। ক্রমাগত গত চারি বৎসরাবধি নানা প্রকার, পরীক্ষা দ্বারা ইহা জানিতে পারা গিয়াছে যে এই মহৌষধ সেবনে সহস্র সহস্র উল্লিখিত রোগাক্রান্ত ব্যক্তিগণ সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছেন, এমন কি যাঁহারা ইংরাজী চিকিৎসায় বিরক্ত হইয়া বাঙ্গালা চিকিৎসায়ও আরোগ্য লাভ করিতে পারেন নাই, তাঁহারাও এই বটিকা সেবন করিয়া আরোগ্য লাভ করিয়াছেন। ইহা শরীর হইতে কুইনাইনের ও ম্যালেরিয়ার বিষ নির্গত করিবার এক প্রকার দৈব ঔষধ বলিলে বলা যাইতে পারে। প্রতি কৌটায় ৩০টা বটিকা আছে এবং উহা সেবনাদির নিয়মাবলি উহার সহিত আছে।

প্রতি কৌটার মূল্য ১৷৹ টাকা ডাক মাশুল ৵৹ আনা। এই মাশুলে ২টা কৌটা অনায়াসে যাইতে পারে। অপর

আমরা বহু দিবসাবধি বিলাত হইতে ইংরাজী ঔষধাদি আনাইয়া অত্র নগরীতে ও ভারতবর্ষের নানা স্থানে বিক্রয় ও প্রেরণ করিতেছি। এক্ষণে যে সকল মহোদয় উক্ত ঔষধাদির নিয়ম বিবেচনা করিয়া থাকেন ও সুলভ মূল্যে উত্তম ঔষধ ক্রয় করিতে ইচ্ছা করেন তাঁহাদিগেরনিকট আমাদিগের নিবেদন এই যে যখন যাহা প্রয়োজন হইবেক অনুগ্রহ করিয়া আমাদিগকে লিখিলে ও মূল্য প্রেরণ করিলে অতি সত্বর প্রেরণ করিব, ও ঔষধের মূল্যের মুদ্রিত তালিকা বিনা মূল্যে বিনা ডাক মাশুলে পাঠাইব এবং ঔষধাদি ভিন্ন অপরাপর দ্রব্য যাহা প্রয়োজন হইবেক তাহাও সুলভ মূল্যে ক্রয় করিয়া পাঠাইতে পারিব তাহার কমিশন শত করা ৫ পাঁচ টাকা মাত্র লইব।

...পাল এ...

ইউনিভারশেল মেডিকে...

২৮৩। ২৮৪ নং অপার চিৎপুর রো...

কলিকাতা, শোভাবাজার।

গৌড়েশ্বরনাটক মূল্য ৸৹ আনা ডাকমাশুল ।৹

THE plot of the work was evidently suggested by the Ramayana. The author seems to have no ordinary power and poetical images and we meet in it with scenes deeply pathetic. *The Bengalee.*

রমেশ বাবু সাধারণ রীতির ব্যতিক্রমে এই নাটকে একটী ভিন্ন ভাষা ব্যবহার করিয়াছেন। নির্জ্জীব বাঙ্গলার গদ্য আরও নির্জ্জীব, তজ্জন্য রমেশ বাবু নাটকগত পাত্রগণের উত্তেজিত হৃদয়ের ভাব সকল নিয়তই অমিত্রাক্ষর ছন্দে প্রকাশ করিয়াছেন। বাঙ্গলা দুই এক খানি নাটকের স্থানে ২ পাত্রগণের মুখে অমিত্রাক্ষর ছন্দের পদ্য ব্যবহৃত হইয়াছে দেখা যায়, কিন্তু সে সকল নাটককার সকল সময়ে সে নিয়ম রক্ষা করেন নাই। গৌড়েশ্বর নাটকে এই রীতিটী সম্পূর্ণরূপে রক্ষিত হইয়াছে এবং নাটক খানি পাঠ করিয়া তাঁহার কবিত্ব দৃষ্টে আমরা প্রীতি লাভ করিয়াছি।—অমৃত বাজার পত্রিকা প্রভৃতি।

ক্যানিং ও সংস্কৃত লাইব্রেরী এবং অমৃত বাজার পত্রিকা আফীসে প্রাপ্তব্য।

'চিকিৎসাতত্ত্ব-মাসিক পত্র...

আশ্বিন মাস হইতে প্রকা...

রয়েল ১২ পেজী...

ফর্ম্মা আকার।...

ডাকমাশুল...

কাতা, ...

ইংরাজ জাতির বিপদ।

ইংরাজ জাতি অপমান অবিচলিত চিত্তে সহ্য করিতে পারেন, গালি তিরস্কার অটল হৃদয়ে সহ্য করিতে পারেন, পারিবারিক কষ্ট দৃঢ়তার সহিত সহ্য করিতে পারেন, কিন্তু অর্থোপার্জ্জন সম্বন্ধে কোন বিঘ্ন উপস্থিত হইলে তাহারা অস্থির হইয়া পড়েন। মিয়ার সাহেব ফাটকে গিয়াছিলেন ইহা লইয়া এত গোল করার কারণ এই এবং আমাদের ষ্টিবিন্‌সের জন্যে যে তাহারা এরূপ কষ্ট প্রকাশ করিয়াছেন তাহারও কারণ এই। এ দেশে অনেক ইংরাজ মাঝে২ ফাটকে গিয়া থাকেন, তহবিল তছরূপ এবং নরহত্যা অপরাধে তাহারা অনেক সময় ধৃত হন এবং দণ্ডিতও হইয়া থাকেন, কিন্তু তাহাতে ইংরাজদিগের মধ্যে এত গোলযোগ, হয় না। পাছে মিয়ার ও ষ্টিবিন্‌স রাজ বিচারে দণ্ডিত হওয়ায় নীল ও চা ব্যবসায়ের কোন বিঘ্ন জন্মে তাহারা এই নিমিত্ত ক্ষিপ্তবৎ হইয়া উঠেন। তাহাদের আর্ত্তনাদ এখনও ক্ষান্ত হয় নাই, কবে যে ক্ষান্ত হইবে তাহারও ঠিকানা নাই। এখানে ইংরাজদিগের এই বিপদ, আবার ইংলণ্ডে তাহা অপেক্ষা সহস্র গুণে অধিক বিপদ উপস্থিত। অনেকের স্মরণ আছে বোম্বাইতে এ দেশীয়েরা কতক গুলি কাপড় ও সূতার কল আনয়ন করিয়াছেন। যখন এই সমুদয় কল এখানে আনয়ন করা হয় তখন ইংরাজেরা ভাবিয়াছিলেন যে এ কল ভারতবর্ষে চলিবে না, সুতরাং ম্যাঞ্চেষ্টার ও লিবরপুলের [illegible]হাতে কোন অনিষ্ট হইবে না। এখন দেখি[illegible] যে ভারতবর্ষে [illegible] কাপড় প্রস্তুত হইতেছে এবং এখানে যেরূপ অল্প ব্যয় পড়িতেছে তাহাতে ইংলণ্ড হইতে শতকরা ৫ টাকা শুল্ক দিয়া ভারতবর্ষে সূতা ও বস্ত্র আনিয়া লাভ করা দূরে থাকুক, বরং ক্ষতিগ্রস্থ হইবারই সম্ভাবনা। ম্যাঞ্চেষ্টারবাসীদিগের মধ্যে এই নিমিত্ত মরকান্না পড়িয়া গিয়াছে। তাহারা স্থানে২ সভা করিতেছেন। ল্যাঙ্কসায়ারে এই সম্বন্ধীয় একটি সভার অধিবেশন হয়। কর্ণেল জ্যাকসন সভাতে বক্তৃতা প্রদান কালে বলেন যে, যদি এরূপ একটী যন্ত্র যাহাতে ৬০ হাজার সূতা কাটা কল এবং এক হাজার তাঁত খাটিতে পারে ভারতবর্ষে চালান যায়, তবে ইহা ইংলণ্ডে খাটাইলে যে লভ্য হইবে ভারতবর্ষে তদপেক্ষা বৎসর প্রায় ২২৮০০০ টাকা অধিক লভ্য হইবার সম্ভাবনা। ইংলণ্ডে কয়লা এবং টাকা সুলভ বটে, কিন্তু ভারতবর্ষীয় তুলায় ভারতবর্ষে সূতা প্রস্তুত হইবে, অন্যত্র হইতে তুলা আনিবার ব্যয় এখানকার লোকদিগের বহন করিতে হইবে না, আবার ভারতবর্ষের প্রস্তুত কাপড় ভারতবর্ষেই বিক্রীত হইবে, ব্যয় করিয়া অন্য দেশে উহা বিক্রয়ার্থে প্রেরণ করিবার প্রয়োজন হইবে না। সুতরাং ভারতবর্ষে টাকা ও কয়লার অপেক্ষাকৃত অভাব সত্ত্বেও বিস্তর লভ্য দাঁড়াইব। ল্যাঙ্কসায়ারবাসীরা ইহা শুনিয়া একেবারে অচে[illegible] পড়িয়াছেন। বিলাত হইতে ভারতবর্ষে [illegible] যে শুল্ক লাগে তাহা উঠাইয়া দেও[illegible] [illegible]ষ্টেট সেক্রেটারির নিকট [illegible] গ্রাহ্য করেন নাই। [illegible] হইয়াছেন। তাহা[illegible] [illegible] অন্যায় বিচার [illegible] ম্যাঞ্চে[illegible] [illegible] গবর্ণ[illegible] [illegible]ঞ্চেষ্টর-

শত করা ৫। ৬ টাকা করিয়া শুল্ক লাগে, অথচ ভারতবর্ষবাসীদিগের কিছু লাগিবে না। এ নিয়ম থাকাতে এক সম্প্রদায় অপেক্ষা অপর সম্প্রদায়ের প্রতি অপেক্ষাকৃত অধিক অনুগ্রহ দেখান হয়। ইংরাজেরা এই রূপ তর্ক করেন। ভারতবর্ষ যদি স্বাধীন হইতেন তাহা হইলে ইংরাজেরা এরূপ তর্ক করিতে পারিতেন না। কোন রাজা স্বদেশ জাত বাণিজ্য ধ্বংশ করাইয়া অপর দেশের বাণিজ্যের যাহাতে শ্রীবৃদ্ধি হয় এরূপ নিয়ম কখনই প্রচলিত করেন না, কিন্তু আমাদিগকে বিধাতা সে জোর করিবার ক্ষমতা দেন নাই। ইংরাজেরা কি মনে ভাবেন যে, ভারতবর্ষবাসীরা তাহাদের সুখ স্বচ্ছন্দতা সমৃদ্ধির নিমিত্তই কেবল জন্ম গ্রহণ করিয়াছে? আমেরিকায় যখন দাস ব্যবসায় প্রচলিত ছিল, তখন সেখানকার ইংরাজেরা বলিতেন যে বিধাতা তাহাদের সাহায্যের নিমিত্ত দাস জাতি সৃষ্টি করিয়াছেন। ইংলণ্ড বাসীরা কি আমাদিগকেও সেই রূপ মনে ভাবেন? এ দেশের অর্থোপার্জ্জনের যত গুলি পথ আছে সমুদয় তাহারা এক রূপ একচেটিয়া করিয়া বসিয়া আছেন। ক্ষতি কি, আমরা নয় কাপড় ও সূতার ব্যবসায় দ্বারা দেশে কিছু টাকা রাখিলাম? আমরা ইংলণ্ডে বস্ত্র বিক্রয় করিয়া ত আর স্বদেশের বৃদ্ধি করিতেছি না। তাহারা এ দেশ হইতে বস্ত্র ও সূতা বিক্রয় করিয়া যে টাকা গুলি স্বদেশে লইয়া যাইতে চাহেন, তাহাই আমরা স্বদেশে রাখিবার যত্ন করিতেছি। ইহাও কি তাহাদের সহ্য হয় না? ইংরাজেরা থানের ও সূতার শুল্ক উঠাইয়া দেওয়ার প্রস্তাব করিতেছেন। এ প্রস্তাবে আমরা সম্মত আছি, কিন্তু তাহা হইলে আমাদের প্রতি তাহারা যে কোটী২ অবিচার করিয়া স্বদেশ অর্থপূর্ন করিতেছেন তাহার সমুদয় না হউক গুটি কয়েক তাহাদের রহিত করা ন্যায় সঙ্গত। আমরা এ দেশের গবর্নরী পদ চাহি না, আমরা লেফটেনেন্ট গবর্নর হইতে চাহি না, আমরা কমিশনার হইতেও চাহি না, আমাদের জন্যে কেন ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেটের পদ গুলি থাকুক না? ইহাও না হয়, এ রূপ নিয়ম হউক না কেন যে ১০০০ কি ৮০০ টাকা বেতনের পদ গুলিতে এ দেশীয় ভিন্ন আর কেহ নিযুক্ত না হয়? সিবিল সরবিশ পরীক্ষার স্থান ইংলণ্ডে না হইয়া এখানে হউক না কেন? সিবিল সরবিস কেন, ইঞ্জিনিয়ারিং, ব্যারিষ্টারি, মেডিকেল সরবিস সমুদয় পরীক্ষার স্থান গুলিই মিলাতে। যে ইংরাজেরা এরূপ অবিচার পদে পদে করেন, তাহাদের পক্ষে সূক্ষ্ম বিচার হইবার উদ্দেশে কাপড় ও সূতার শুল্ক উঠাইয়া দেওয়ার প্রস্তাব শুনিলে আমাদের হাসি পায়। বোম্বাইতে গুটি কয়েক সূতার কল হইয়াছে এবং তাহাতে তাহাদের এই ক্ষতি হইয়াছে যে, বস্ত্র বিক্রয় দ্বারা এদেশ হইতে তাহারা যে টাকা গুলি স্বদেশে লইয়া যাইতেন তাহাই লইয়া যাইতে পারিতেছেন না, ইহাতেই তাহাদের হৃদয় কষ্টে ছট ফট করিতেছে। ইংরাজ মহাশয়েরা! তোমরা একবার মনে করিয়া দেখ দেখি যে যাহাদের দেশ হইতে তোমরা কোটী কোটী অর্থ বৎসর বৎসর স্বদেশে লইয়া যাইতেছ, যাহাদিগকে সমুদয় উচ্চ পদ হইতে বঞ্চিত করিয়াছ, যাহাদিগকে নিজ ধনে চোর করিয়া রাখিয়াছ, তাহাদের মনে কত বেদনা লাগে? এ দেশীয়দিগের মন তোমরা কত রূপে কত কষ্ট দিয়া থাক, তাহা তোমরা অনুভব করিতে পার না। ইংলণ্ড কখন পরাধীন হয় নাই। ইংলণ্ড-

বাসীরা স্বদেশে কার্য্য পাইবার নিমিত্ত সিবিল, মেডিকেল প্রভৃতি সরবিশের শিক্ষা করিতে হয় নাই, ইংলণ্ডবাসীদিগকে রুসিয়া কি আমেরিকায় বস্ত্র কি অন্য কোন বাণিজ্য দ্রব্যের ব্যবসায় করিবার নিমিত্ত তুলা পাট প্রভৃতি প্রস্তুত করিতে হয় নাই, ইংলণ্ডবাসীদিগের ভিন্ন দেশে গিয়া ভিন্ন দেশীয়দিগের নিকট আপন পৈতৃক সম্পত্তি সম্বন্ধে দরবার করিতে হয় নাই। এরূপ দুর্দ্দশা যদি কোন কালে একবার ইংলণ্ডের পক্ষে ঘটিত,তাহা হইলে ইংরাজেরা যে আমাদের মনে কত কষ্ট দিতেছেন তাহা তাহারা বুঝিতে পারিতেন এবং ইহাও জানিতেন যে আমরা ক্রন্দন করি কেন, কেন আমরা সময় সময় তাহাদের সুবিচারে বৈরক্তি প্রকাশ করি? যাহা হউক, যে দেশহিতৈষী ব্যক্তিদিগের অনুগ্রহে ম্যাঞ্চেষ্টরবাসীদিগের মধ্যে এই রূপ সর্ব্বনাশের ক্রন্দন উপস্থিত হইয়াছে তাহারা স্বার্থক জন্ম গ্রহণ করিয়াছেন। এবার ইংরাজেরা কতক বুঝিতে পারিবেন যে ভারতবর্ষ কর্ত্তৃক তাহারা কত অর্থ উপার্জ্জন করিতেন এবং শ্রীবৃদ্ধির নিমিত্ত ইংলণ্ড ভারতবর্ষের নিকট [illegible] পরিমাণে ঋণী। যদি ভারতবর্ষ ভাগ্যবতী হন এবং তাহার এরূপ সুসন্তান সকল জন্মেন যে তাহারা ভারতবর্ষজাত দ্রব্য প্রেরণ করিয়া ইংলণ্ডের সূতার কল বন্ধ করিতে পারেন, কাগজের কল এবং অন্যান্য কল বন্দ করিতে পারেন, তাহা হইলে তাহারা ইংলণ্ডকে আর একটু চৈতন্য করিয়া দিবেন এবং তখন ইংরাজেরা বুঝিবেন যে ইংলণ্ড ভারতবর্ষের স্বভাবজাত বাণিজ্য ব্যবসায় ধ্বংশ করিয়া কত লোককে অন্ন কষ্টে ফেলিয়াছেন, কত পরিবার অনশনে মৃত্যু গ্রাসে পতিত হইয়াছে এবং কি রূপে দেশ নির্ধন হইয়া পড়িয়াছে। ভারতবর্ষ যদি আবার ভাগ্যবতী হন এবং তাহার এরূপ সুসন্তান সমুদয় জন্ম গ্রহণ করেন যাহারা ইংলণ্ডে গমন করিয়া তথাকার বড়২ চাকুরি গুলি গ্রাস করিয়া মধ্যবর্ত্তী সম্প্রদায়কে বিপন্ন অবস্থায় নিক্ষেপ করিতে পারেন তাহা হইলে ইংলণ্ডের আরো চৈতন্য হইবে এবং তাহারা বুঝিতে পারিবেন যে ভারতবর্ষকে পরাধীন করিয়া তাহার প্রতি কি রূপ অবিচার করা হইয়াছে। কি রূপ করিয়া ভদ্র বংশ সমুদয় ভারতবর্ষ হইতে লোপ প্রাপ্ত হইয়াছে এবং তাবৎ হিন্দু জাতি [illegible] হইয়াছে।

কাবুল ও ইংরেজ গবর্ণমেণ্ট।

লর্ড নর্থব্রুকের পরামর্শে যাকুব খাঁ সের আলির শরণাপন্ন হন এবং সের আলি তাঁহাকে [illegible] করিয়াছেন আমরা এই টেলিগ্রামটী পাঠ [illegible] বিস্ময়াপন্ন হই। আমরা রাজকৌশলের, বিশেষতঃ ইংরাজ রাজ কৌশলের নিগূঢ় তাৎপর্য্য বুঝিতে পারি না, সুতরাং সের আলি পূর্ব্বে প্রতিজ্ঞা করিয়া শেষে কেন যাকুব খাঁকে কারারুদ্ধ করিলেন, লর্ড নর্থব্রুকই বা কেন তাঁহাকে আশ্বাস দিয়া আনিয়া এই বিপদে নিক্ষেপ করিলেন তাহা তাঁহারাই জানেন। তথাচ সের আলি যে ইহা দ্বারা বিশ্বাসঘাতকতা পাপে কলুষিত হইয়াছেন তাহার কোন ভুল নাই এবং এরূপ বিশ্বাসঘাতকতার কার্য্যের সঙ্গে লর্ড নর্থব্রুকের নাম সংস্রব থাকায় আমরা মনে অত্যন্ত কষ্ট পাই, সুতরাং আবার যখন টেলিগ্রাম পাঠে জানিলাম যে লর্ড নর্থব্রুক সের আলির কার্য্য অনুমোদন করেন নাই, [illegible] কাবুলের রেসিডেণ্টকে টেলিগ্রাফ করিয়াছেন [illegible] তিনি সের আলিকে বলেন যে, লর্ড নর্থব্রুক [illegible]

কারারুদ্ধ করিয়াছেন এবং তিনি যাকুব খাঁর প্রতি কোন রূপ অত্যাচার না করেন, তখন আমাদের হৃদয়ের কতকটা ভার উত্তোলন হইল। সের আলি যদি প্রকৃত বিশ্বাসঘাতকতা করিয়া তাঁহার জ্যেষ্ঠ পুত্রকে কারারুদ্ধ করিয়া থাকেন, লর্ড নর্থব্রুক যে তাহাতে বিরক্ত হইবেন তাহা আমরা এ সম্বাদ প্রকাশ না হইলেও বুঝিতে পারিতাম, কিন্তু আমরা একটী বিষয় বুঝিতে পারিলাম না। যাকুব খাঁর সহিত তাঁহার পিতার সম্মিলনের পরামর্শ লর্ড নর্থব্রুক কি রূপে দিলেন? ইংরাজেরা কি জানেন না যে কাবুলিরা বিশ্বাসঘাতক, চঞ্চল এবং কলহপ্রিয়? যাকুব খাঁ সের আলিকে পদে২ বিরক্ত করিয়াছেন, সের আলি জানেন যে যাকুব খাঁ তাহা অপেক্ষা ক্ষমতাবান এবং দেশের মধ্যে অত্যন্ত প্রিয়। সের আলি ইহাও জানেন, যদিও তিনি তাহার কনিষ্ঠ পুত্র আবদুল্লা জানকে আপন রাজ্য প্রদান করিবেন এই রূপ অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন কিন্তু তিনি যে দিন পঞ্চত্ব পাইবেন, সেই দিন যাকুব খাঁ তাহাকে দূর করিয়া নিজে রাজা হইবেন সুতরাং যত দিন যাকুব খাঁর মৃত্যু না হইতেছে তত দিন তাঁহার শান্তি নাই। ইংলিশ গবর্ণমেণ্টও এ সমুদয় জানেন। জানিয়া শুনিয়া কি রূপে তাঁহারা সের আলির হাতে তাহার পুত্রকে সমর্পণের যোগ যোগ করিলেন? হতে পারে যে সের আলি কোরাণ স্পর্শ করিয়া শপথ করিয়াছিলেন যে, তিনি যাকুব খাঁকে আশ্রয় দিবেন এবং তাহাকে ক্ষমা করিবেন, কিন্তু ইংরাজেরা কি এত নির্ব্বোধ যে এই শপথের উপর নির্ভর করিয়া সের আলির চির বৈরীকে তাহার হস্তে সমর্পণ করিলেন? যখন সের আলি তাঁহার প্রতিজ্ঞা পালন করিলেন না? ইংলিশ গবর্ণমেণ্ট যদি এখন যাকুব খাঁকে রক্ষা না করেন তাহা হইলে তাঁহাদের কি ধর্ম্ম রক্ষা হইবে? তাহাদের কি এ কলঙ্ক কোটী২ বৎসরেও অপনয়ণ হইবে? লর্ড নর্থব্রুক এই নিমিত্ত সের আলিকে এক রূপ হুকুম করিয়া পাঠাইয়াছেন যে, তিনি তাহার পুত্রের প্রতি কোন রূপ অভদ্র আচরণ না করেন। কিন্তু সের আলি যদি তাঁহার আগ্রাহ না করেন? আর সের আলি তাঁহার এই আজ্ঞা কেন প্রতিপালন করিবেন? কাবুল ইংরাজাধীন নহে। ইংরাজদিগের সৈন্য সামন্তকে কাবুলিরা লক্ষ্য করে না। ইংরেজ গবর্ণমেণ্ট চিরকাল সের আলির সঙ্গে যেরূপ ব্যবহার করিয়া আসিয়াছেন, তাহাতে তাঁহাকেই তাঁহারা খোসামোদ করিয়াছেন। কাবুলের আমির যখন যাহা চাহিয়াছেন ইংরাজেরা তাহাই তাঁহাকে যোগাইয়াছেন। বৎসর২ তাঁহাকে সন্তুষ্ট করিবার নিমিত্ত অর্থ এবং বন্দুক বারুদ প্রভৃতি তাঁহাদের যোগাইতে হয়। এ রূপ অবস্থায় ইংলিশ গবর্ণমেণ্ট এখন আর তাহার উপর কোন হুকুম জারি করিতে পারেন না, কর যোড় পূর্ব্বক বিনয় ভাবে নিবেদন করিতে পারেন। ফল সের আলি যদি গবর্ণর জেনারেলের এই আজ্ঞা প্রতিপালন না করেন তাহা হইলে ইংরেজদের কলঙ্ক ও অপমানের কি সীমা থাকিবে? তাঁহারা স্বদেশে এরূপ কলঙ্ক লইয়া অবস্থিতি করিতে পারেন। প্রশিয়গণ তাঁহাদিগকে যখন তিরস্কার করে কি রুশিয়গণ যখন তাহাদিগকে অপমান করে, কিম্বা তাঁহারা যখন অপরাধ স্বীকার করিয়া আমেরিকায় অর্থ দণ্ড দেন, তখন দেশের মধ্যে কলঙ্ক হয় মাত্র, কিন্তু ইহাতে তাঁহাদের অভিমান ও মর্য্যাদার খর্ব্ব আর কোন ক্ষতি হয় নাই, কিন্তু এই সুদীর্ঘ বর্ষ তাঁহারা বাহুবলে শাসন করেন, হিন্দু ও মুসলমানেরা জানে যে ইংরাজদিগের অসাধারণ বুদ্ধি ও বাহুবল, ইহাঁরা ইউরোপে অপদস্থ হউন আসিয়ায় ইহাঁরা অদ্বিতীয় রাজা ও ইহাঁদের প্রতাপ অখণ্ডনীয়। এবং এই যশের কিছু লাঘব হইলে তাঁহাদের বিশেষ ক্ষতি ও বিপদ হইবার সম্ভাবনা। এ কলঙ্কও তাহারা চুপ করিয়া সহ্য করিতে পারিবেন না। এ কলঙ্ক ও অপমান অপনয়ণ করিতে হইলে তাঁহাদের সের আলির সঙ্গে যুদ্ধ করিতে হইবে এবং গবর্ণমেণ্ট কি কাবুলের সঙ্গে যুদ্ধ করিতে প্রস্তুত আছেন? একবার কাবুলের সঙ্গে যুদ্ধ করিয়া ইংরাজেরা যেরূপ অপযশ ক্রয় করেন, যেরূপ ঋণ পাশে আবদ্ধ হইয়া পড়েন এবং যেরূপ বিপদাপন্ন হন তাহা হইতে এখনও তাঁহারা উদ্ধার হইতে পারেন নাই। আবার কি তাহারা সেই বিপদে পদ নিঃক্ষেপ করিবেন? যদি প্রকৃতই তাহারা যুদ্ধে প্রবেশ করেন এবং ইংরাজ সৈন্য জয় হয়ী তাহা হইলেও কি কাবুল এক দিনের নিমিত্ত তাহারা অধীনাবস্থায় রাখিতে পারিবেন? যত দিন তাহারা কাবুলে অবস্থিতি করিবেন, তত দিন অহোরহ তাঁহাদিগকে যুদ্ধ সজ্জায় থাকিতে হইবে এবং তাহা হইলে ভারত রাজ্য পর্য্যন্ত ছারখার হইয়া যাইবে। আবার সম্মুখে বিষম শত্রু। যে দিন কাবুলের সঙ্গে ইংরাজদের যুদ্ধ আরম্ভ হইবে সে দিন রুসিয়গণ আনন্দে নৃত্য করিবে। সের আলি রুশিয়ার শরণাগত হইলে ভারতবর্ষে আবার সমরাগ্নি প্রজ্জলিত হইবে। ইংরেজ গবর্ণমেণ্ট কি এত নির্ব্বোধ যে ইচ্ছা করিয়া অথবা অনবধানতায় আপনাদিগকে এই রূপ বিবাদ জালে নিঃক্ষেপ করিবেন? ইংরাজ জাতি তত নির্ব্বোধ নন। আমাদের এই নিমিত্ত কাবুলের সমুদয় সম্বাদের প্রতি সন্দেহ হয়। রাজ কৌশল, বিশেষতঃ ইউরোপীয় রাজ কৌশল ভেদ করা এ দেশীয়দিগের সরল বুদ্ধির কার্য্য নহে। এ সমুদয় সম্বাদ মিথ্যা কি সত্য তাহা বিধাতা জানেন। মিথ্যা যদি হয় তবে ইহার উদ্দেশ্য কি তাহা বিধাতা জানেন। ফল ব্রিটিশ রাজ্যে আজ কাল মহা গণ্ড গোল উপস্থিত। এ দিকে নানাকে লইয়া মহা গোল, সিন্ধিয়া প্রাণ ভয়ে দেশ ছাড়িয়া পলাইয়াছেন এবং ধৃত ব্যক্তি যদি প্রকৃত নানা হন ও গবর্ণমেণ্ট যদি প্রকৃত তাহাকে ফাঁসী দেন, তাহা হইলে অনেকে শংকা করিতেছেন যে, মহারাষ্ট্রীয়গণের মধ্যে গোলযোগ উপস্থিত হইবার সম্ভাবনা। বরদায়ও মস্ত গোল। গুইকার রেসিডেণ্টকে বিষ খাওয়াইয়াছেন কি না তাহা বিধাতা জানেন। যাহা হউক তথায়ও নিতান্ত কম গোলযোগ উপস্থিত হয় নাই। আবার লর্ড নর্থব্রুক সের আলির প্রতি যে রূপ আজ্ঞা প্রচার করিয়াছেন তাহার ফলও কি দাঁড়ায় বলা যায় না। এ সমুদয় গোলে আমাদের মনে যত উদ্বিগ্ন হউক আমরা ইহা দ্বারা একটি সিদ্ধান্ত করিতে পারি। রুসিয়ারা ভারতবর্ষের প্রতি আক্রমণ করিবার যে উদ্যোগ করিতেছিলেন তাহা হইতে বোধ হয় তাহারা আপাতত বিরত হইয়াছেন। বাহ্য শত্রু থাকিতে ইংলিশ গবর্ণমেণ্ট দেশের মধ্যে এত গোলযোগ বাধাইতেন না, বিশেষতঃ লর্ড নর্থব্রুক সের আলির প্রতি যে টেলিগ্রাম পাঠাইয়াছেন তাহাতে বোধ হইতেছে ইংরাজেরা আর আমিরের মন যোগাইয়া চলিবেন না।

টাইম্‌স অব ইণ্ডিয়ায় আনুমানিক নানা সম্বন্ধে এই টেলিগ্রাম গুলি প্রকাশিত হইয়াছে।

কানপুর, ১২ই নবেম্বর। নানা সংক্রান্ত অনুসন্ধান আজিও শেষ হয় নাই। বোধ হইতেছে আগন্তুক সমুদয় সাক্ষীর জবান বন্দি লওয়া হইবেক। তাহা হইলে আগামী সপ্তাহের শেষে নানার বিচার আরম্ভ হইবে।

লক্ষ্ণৌ ১৩ই নবেম্বর। নারায়নেন্দ্র নামক জনৈক সাক্ষী, যিনি নানাকে বিশেষ করিয়া জানিতেন, বলিতেছেন যে ধৃত ব্যক্তি নানা কি না তাহা তিনি ঠাউরিয়া উঠিতে পারিতেছেন না।

কানপুর ১৪ই নবেম্বর। বিথুরের লোকেরা মহারাজা সিন্ধিয়ার উপর ভয়ানক চটিয়া গিয়াছেন, কিন্তু তাহারা বিশ্বাস করে না যে ধৃত ব্যক্তি প্রকৃত নানা। যাহা হউক ধৃত ব্যক্তি সম্বন্ধে দেশীয়দিগের সাক্ষ্য গ্রাহ্য করা যাইতে পারেনা, কারণ ঐ ব্যক্তি যদি প্রকৃত নানা না হয় তাহা হইলে কেন তাহারা তাহার জন্য এত দুঃখ প্রকাশ করিতেছে?

কানপুর ১৫ই নবেম্বর। একজন সৈনিক পুরুষ সাক্ষ্য দিয়াছেন যে ধৃত ব্যক্তি যে প্রকৃত নানা তাহাতে তাহার কিঞ্চিৎ মাত্র সন্দেহ নাই।

কানপুর ১২ই নবেম্বর। কানপুরের কলেক্‌টর এবং তাহার আসিস্টাণ্ট সাহেব এরূপ গোপনে নানা সম্বন্ধে সাক্ষ্য লইতেছেন যে প্রায় তাহা কাহারও জানিবার যো নাই। এখানে এই রূপ জনরব এবং উহা সম্পূর্ণ সত্য বলিয়া বোধ হয় যে এখানকার সাহেবেরা প্রত্যহ দুই ঘণ্টা করিয়া ধৃত ব্যক্তিকে যাবদিক কষ্ট প্রদান করেন এবং সে প্রকৃত নানা কিনা, কিম্বা সে নানার খবর রাখে কি না এই বিষয়ে তাহাকে স্বীকার করিতে বলেন।

গত বৎসরের ভারতবর্ষীয় রেলওয়ে সংক্রান্ত রিপোর্ট বাহির হইয়াছে। সমস্ত ভারতবর্ষে ৫৮৭২ মাইল রেলওয়ে [illegible] হইয়াছে। ইহাতে প্রায় ৯৭ কোটী টাকা অর্থাৎ প্রত্যেক মাইলে গড়ে ১৫৫৩৬০ টাকা ব্যয় হইয়াছে। ইহার ৭২৭ মাইলে ডবল রেল আছে। আরো ১৮৫০ মাইল রেলওয়ে প্রস্তুত হইতেছে। গত বৎসর সর্ব্ব সাকল্যে ৩১২ মাইল নুতন রেলওয়ে খোলা হয়। রেলওয়ের নিমিত্ত গত বৎসর ১১৮২৪৫ টন (এক টনে ২৮ মন) দ্রব্য ইংলণ্ড হইতে এ দেশে প্রেরিত হয়। ভারতবর্ষে রেলওয়ে হওয়াবধি ৪৭ লক্ষ টন দ্রব্য ইংলণ্ড হইতে এ দেশে আনা হইয়াছে। ইহার মুল্য স্বরূপ ইংলণ্ড প্রায় ৩২ কোটী টাকা গ্রহণ করিয়াছেন। গত জানুয়ারি মাস পর্য্যন্ত ভারতবর্ষ রেলওয়ের ৬২৩১৮ জন মালিক ছিলেন। ইহার মধ্যে ৯ শত মালিক ভারতবর্ষে বাস করেন এবং এই ৯ শতের মধ্যে ৪২১ জন মাত্র এ দেশীয়। রেলওয়ের কর্ত্তৃপক্ষদের রিপোর্টে জানা যায় যে গত বৎসর ২৬৮ টী রেলওয়ে দুর্ঘটনা হয়। ইহার মধ্যে, ১৩টী সংঘাত দ্বারা, ২০টী গাড়ী রেলের বাহিরে পড়িয়া, ২৬টী অগ্নি কর্ত্তৃক, ১৬৫টী গো, ছাগাদি ট্রেনের সম্মুখে পতিত হইয়া এবং ৩৪টী অন্যান্য ক্ষুদ্র কারণে সংঘটিত হয়। এ দুর্ঘটনা কর্ত্তৃক ৪৩৮ জন লোক হত ও আহত হয়। গত বৎসর রেলওয়ের নিমিত্ত ৪ কোটী টাকার অধিক ব্যয়িত হইয়াছে। ইহার অর্দ্ধেক গবর্ণমেণ্ট ও অর্দ্ধেক রেল কোম্পানী বহন করিয়াছেন। গত বৎসর অকাতরে যে পরিমাণে অর্থ ব্যয় করা হইয়াছে, সে রূপ কাজ কিছুই হয় নাই। ইউরোপীও ম্যানেজার সকলে যত দিন তাহাদের নবাবী ধরণে কাজ করিতে থাকিবেন তাবৎ আমাদের রেলওয়ের দুর্গতি শেষ হইবে না। এ দেশী[illegible] স্বল্প ব্যয়ে ও স্বল্প সময়ে রেল[illegible] করিতে পারেন তাহার [illegible]

GREAT NATIONAL THEATRE.

BEADON STREET PAVILION.
Saturday, the 28th November, 1874.
BY SPECIAL DESIRE.
MACBETH.
রুদ্রপাল

Special Night !! Special Night !!
BENIFIT OF BABOO AMRITO LAL BOSE.
Wednesday the 2nd December 1874.
শত্রু সংহার
OR
THE GREAT WAR OF KRUKHETRA

Prices as usual.
Play to commence at 8. 30 P. M.
DEBENDRA NATH BANERJEE,
Director.
NOGENDRA NATH BANERJEE
MANAGER

THE AMRITA BAZAR PATRIKA

CALCUTTA—THURSDAY 26th November 1874

WE have to acknowledge the receipt of a Prospectus of a Weekly Newspaper for the discussion of the affairs of Assam. As Assam is now a separate Province, it ought to have a first rate Weekly of its own. But we have very great doubts as to the success of the project. Mr. Valente, who, it appears to be the projector, ought to know that a Paper cannot exist in such a Province as Assam is, without the patronage of natives ; and to patronize a paper the value of which is sixteen rupees per annum, dak edition, is utterly beyond the means of most natives. If he, like Mr. Kemp of Dacca, sticks to the tea planters, who alone can pay such a high price, we fear the natives will have very little to do with his paper.

THOUGH not the direct offspring of the Levien case, yet indirectly connected with that case, is a libel suit of great interest which is h[illegible]ing in the Rungpore Magistrate's Cou[illegible] It w[illegible] about a year and half ago that an anonymous petition was submitted to the Government of Bengal against Babu Gopal Chandra Mookerjea, Executive Engineer of that District, setting forth certain illegal acts supposed to have been committed by the Babu and his Assistant. It was was stated in the petition that if the evidence of Mr. Glazier, the District Magistrate, of Babu Krishto Dhone Ghose M. D. and Babus Janooke[illegible] Bullabh Sen, Jugodeendra Narain Roy Chowdhry, Mohima Ranjan Roy Chowdhry, Romonee Mohan Roy Chowdhry &c. &c. were taken, the statements set forth in the petition would be clearly proved. The Bengal Government immediately demanded an explanation, but whether any further notice was taken of the matter or not, is not known to the public. But now Babu Gopal Chunder Mookerjea brings a libel suit against Babus Dakhina Mohun Roy Chowdhry, Doyal Sing and Lal Sing ; the latter the son of Babu Doyal Sing. Query : Is it a fact that Babu Dakhina Mohun Roy Chowdhry was, while giving his deposition in Uma Charan's case, in Mr. Glazier's Court, unnessarily made to stand several hours ? It is however a significant fact, that this case is brought immediately after the Levien case is finished, after the expiration of a year and half, when the petition against Gopal Babu was first submitted. There is another fact worthy of note. Mr Glazier has transferred the case to his assistant Mr. Hampton, for he purposes to give evidence in the case. The defendants should have motioned the High Court to transfer the case from the hands and influence of Mr. Glazier. They can take prompt action and do it now.

There are certain Sub-Divisions in Bengal which are too sacred for the native Deputy Magistrates. There you will always find a European, whether an Assistant or a Deputy Magistrate ; and if natives are sent there now and then by mistake or for want of a European, they are not allowed to stay there long. It will be found also, that these Sub-Divisions contain a dozen or half a dozen of European residents ; they are invariably placed under the fostering care of [illegible]uropean Hakims. We have not the ambition [illegible]dminister justice to the ruling race, and we [illegible] slightest objection if Europeans [illegible]nted to try Europeans ; but we [illegible]ons to be trampled under foot [illegible]dents, while protected by [illegible]ave not the least objec- [illegible]rnment's valuing of natives ; but let not there be a sacrifice of justice, a sacrifice of the weak to the strong, a trampling of the inherent rights of humanity under foot. We do not speak of distant Assam, Cachar or Darjeeling ; where there are impenetrable forests, where dead bodies can be hidden, or bones of the male can be transformed into those of the female ; but we talk of the most civilized and advanced portions of Bengal. Indigo is extensively cultivated in the north of Jessore and Nuddea, that is within the Sub-Divisions of Magoorah, Jhenida, Koostia, Chooadanga and Meherpore. Now these Sub-Divisions are invariably filled by Europeans. By a mistake, or because Mr. Smith was Magistrate, and Lord Ulicke Browne Commissioner, Babu Shyama Charan Chatterjea was posted to Jheneda. For six months he was there, and so careful he was in his dealing with the planters that he made over the case of Mr. Meares to Mr. Smith and rarely took any step in connection with the planters without consulting his superiors. But Mr. O'Donnel of the Jhenida obscenity case notoriety has been posted there, and the result is, that the people of Jhenida are disconsolate on account of the transfer of Babu Shyama Charan. Never perhaps in their lives did the people of Jhenida feel what it is to have a police which defended the weak from the strong, and a court which was a protection rather than a source of oppression. That the Court was constituted for the protection of the people, the people never perhaps knew before, they dreaded the courts much more than the planters, but Babu Shyama Charan gave them this idea. Babu Shyama Charan has been transferred and the people of Jhenida know not how to bring him back again. The order of this transfer did not come from Mr. Smith, or Lord Browne, but from high. It is a belief in high quarters that Hindu Deputy Magistrates do not favor the indigo planters. It may be so, but Hindu Deputies dare not deal otherwise than at least fairly with planters. Mr. Smith though a civilian of high standing, trembled in his chair while during the Meares case the Anglo-Indians howled in chorus. But we know of cases where Hindoo Deputies actually forsook the weak and sided with the planters. Some years ago, a Hindoo Deputy Magistrate, now happily removed from office, fired at the ryots from a planter's elephant, while the planter sat by him. The cap however, probably being owned by a Bengallee, did not take fire and so no life was destroyed. The other day there was, we are told, a similar scene at Chooadanga. Mr. Stevens like Mr. Smith is not a slave, as Magistrates usually are, of the planters ; and he had posted a Hindoo Deputy at Chooadanga. The Deputy was however found in a planter's boat, and in friendly terms with the planters, and the gentleman himself complained that he was assaulted by the ryots while found there. That gentleman is removed to his head quarters ; but Mr. Deare of Magoora has it appears taken a *Mourashee putta* of the Magoora Sub-division. The other day while we were sitting in his parlour with Babu Chandra Coomar Roy of Narail, a post letter was handed to him. He perused the contents and with a smile requested us to do the same. The letter came from Magoora, and though we cannot desclose its contents, it was evident that the people of Magoora had not much confidence in Mr. Deare. There is ample reason why this confidence should not exist. The ryots of Magoora are not pulling well with the planters and Mr. Deare is a close friend of the latter. Whether he deals even handed justice to the two classes, Mr. Smith, the District Magistrate knows best ; but we know that while Magoora is in a ferment, the Depeuty Magistrate goes to the planters and the planters come to him, they dine and pass their leisure hours together. However immaculate Mr. Deare might be, confidence under such circumstances cannot exist ; but we can say more. We believe there are very few men under the sun who can resist being influenced under the circumstances into which Mr. Deare is placed. That he is now and then so influenced is clear from the case of Mr. Clarke *vs* the *boona coolies* in which he punished the assaulted *boonas* and allowed the assaulting *shaheb* to escape.

While talking of sub-divisions we must not omit to mention that Mr. Smith kindly placed Babu Umacharan Gangoollee, one of the nicest and most hardworking men in the Executive service at Naral. This is also a sub-division exclusively reserved for the Europeans for reasons best known to the authorities, for we believe there are no indigo planters in the sub-division. It is perhaps on account of the powerful Naral Babus ; but the Babus are, whatever their forefathers might have been, now perhaps the quietest Zemindars in Bengal. We hope Babu Umacharan will not be transferred and that the rumour of his transfer

The following has been sent to us by a native gentleman of some standing in the service. It is an abstract of a conversation which is said to have taken place between him and a high Englishman:—

N. Good morning Sir.
E. How are you Babu ?
N. I am quite well, I thank you Sir
E. Take your seat. (Orderly brings in a chair)
N. Thank you Sir.
E. Have you heard of Mr. Meares' release.
N. Yes Sir.
E. What do the natives say about the case.
N. They believe the case to be perfectly true and that Mr. Meares has been very justly punished.
E. I am of the same opinion.
N. All high officials are.
E. Why did so many natives sign the Memorial then ?
N. Must be to serve their own end Sir.
E. How ?
N. Some of these people are servants to those *Shahib logs* who have signed.
E. No. No. No. Some of the Shababazzar coomers have signed.
N. They are very obliging people. Don't you se[illegible] sir, How Raja Harrendra Krisna manages [illegible] stick to [illegible]e Idaha?
E. Is it not derogatory to a Raja to serve as a Depu[illegible] Magistrate.
N. Necessity has no law Sir.
E. I say the famine officers are now returning. The[illegible] will be a wholesale change.
N. Oh. Yes. I say what lot of money has been spent[illegible] so much as six crores !
E. How much do you think has actually gone to th[illegible] pockets of the poor ?
N. Poor men have no pockets in this country Sir.
E2. What do you mean Babu ? The poor men having [illegible] pocket they did not receive any thing ?
N. Poor men received with unfolded hands an[illegible] bless[illegible] Government, but as they have no pockets the[illegible] could not save any.
E2. You are not very clear Babu.
N. I cannot express myself clearly in English Sir.
E. You talk English very well.
N. No Sir. No Sir. Money have found final rest[illegible] pockets Sir.
E. Well Babu—don't you think the people will like ou[illegible] Raj for our benevolence.
N. Yes, those who do not know that you exercise yo[illegible] benevolence at other people's cost.
E. Well, on the whole do people like our raj ?
N. To a great extent.
E. Not—wholly. Do you wish to be independent Babu[illegible]
N. We are human beings.
E. Indeed !
N. We wish not only to be independent but also to con[illegible] quer England and to send out half a dozen of L. G[illegible] every fifth year on a pay of 3 lacks a year eac[illegible] And a Governor General too and a whole lot [illegible] Bengallee Babus. What a fine thing it will be s[illegible] to get possession of great Britain. If we can re[illegible] tain possession for quarter of a century we c[illegible] bring back all that has been taken away fro[illegible] India, Sir, during the last two centuries.
E. You have a very high imaginative mind—Hencefort[illegible] I shall call you Indian Milton.
N. But for my eyes sir.
E. Pluck them out.
N. I would rather have them than called a Milton.
E. Really why do not the natives like our [illegible] ?
N. Because you treat them like dogs.
E. But it is the fault of individuals and not of Governm[illegible]
N. Oh. Sir. Every English man is a Government to [illegible]
E. Don't talk nonsense. Now let us have the truth.
N. Excuse me sir, don't get angry ; because they [illegible] draining the country of its wealth and we [illegible] getting impoverished Sir.
E. How ?
N. Well, I need not explain to you. If you can do aw[illegible] with the P. Settlement, we will be reduced to m[illegible] agriculturists Sir.
E. You ought to be thankful to the English nation [illegible] the boon.
N. We are thankful and we are loyal and so we spe[illegible] out our minds without reserve.
E. I have heard many of your countrymen say that [illegible] Englishmen of former days had a liking for [illegible] natives ; are you one of those ?
N. No Sir. I have heard mny a fool say so Sir.
E. No. No. You are mistaken ; they did actually [illegible] you, because your elders were polite and respec[illegible]
N. You are mistaken Sir. The[illegible] Ranjit Sing was liv[illegible] Oude was independent, Delhi had an Empe[illegible] and English Raj was unstable sir. Were R[illegible] sians to conquer Afganistan, you will be m[illegible] polite than you are now, this is blunt truth Sir: [illegible] get angry Sir—I have no sufficient stock of En[illegible] words, to give a cloak to my expression sir. [illegible] not a politician sir that I could speak in a po[illegible] style.
E. You do not seem to appreciate what has been done [illegible] the English for your benefit. Look here Babu. Th[illegible] Colleges, and Schools, Dispensaries, Public-work[illegible] Civil and Criminal Courts, the Police, Telegraph[illegible] and Railways
N. Stop please. Beg your pardon for the interruption sir Without schools you could not get cheap element[illegible] to work the machinery of Government ; if peopl[illegible] were to die for want of of medicines who woul[illegible] pay you taxes, cultivate your cotton, opium, te[illegible] and indigo? without telegraphs and railways you could not hold India.
E. Chi. ! Chi !! Chi ! Babu.
